# উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : তানভীর হোসেন, উপজেলা নির্বাহী অফিসার, চৌদ্দগ্রাম, কুমিল্লা।

সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসার এর সম্মেলন কক্ষ, কুমিল্লা

সভার তারিখ ও সময় : ১৬ নভেম্বর, ২০২৩ খ্রি. সময়: সকাল-১০.০০ ঘটিকা

উপস্থিতি : পরিশিষ্ট - "ক"

সভার শুরুতে সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যবর্গকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির সম্মতিক্রমে সদস্য সচিব জানান যে, কৃষি মন্ত্রণালয় উপকরণ শাখা-২ শাখার স্মারক নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০১৫.২১.৩১৫ তারিখ: ১২ নভেম্বর, ২০২৩ খ্রি. এবং ১৪/১১/২০২৩খ্রি. তারিখে অনুষ্ঠিত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত মোতাবেক কুমিল্লা জেলায় ২০২৩-২০২৪ অর্থ বছরে রবি মৌসুমে বোরো ধানের উচ্চ ফলনশীল (উফশী) জাতের বীজ ব্যবহারের মাধ্যমে উৎপাদন বৃদ্ধির জন্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ, সার ও অন্যান্য বাবদ প্রণোদনা কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত কৃষি মন্ত্রনালয়ের '১২০০০৬৫০৫ কৃষি পুনর্বাসন' সহায়তা খাত 'অধীন **৩২৫১১০৯- বীজ ও চারা উপখাতে ১৩৬৮০০০/-টাকা, '৩২৫১১০৫-সার' উপখাতে ১৭৭৬০০০/- টাকা এবং ৩৬৩১১৯৯-অন্যান্য অনুদান উপখাতে ৩০০০০০/- টাকা, সর্বমোট ৩৪৪৪০০০/- (চৌত্রিশ লক্ষ চুয়াল্লিশ হাজার) টাকা** উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, চৌদ্দগ্রাম, কুমিল্লা'র অনুকূলে ব্যয় করার বরাদ্দ পাওয়া গেছে। সদস্য সচিব ২০২৩-২৪ মৌসুমে বোরো (উফশী) প্রণোদনা কর্মসূচি বাস্তবায়নের উপকরণ বিতরণের নীতিমালা উপস্থাপন করেন এবং ১৩টি ইউনিয়ন ও ০১টি পৌরসভায় গত ২০২২-২০২৩ মৌসুমে বোরো ধান আবাদ এবং ২০২৩-২০২৪ মৌসুমে আবাদ সম্ভাবনার নিরীখে একটি খসড়া বিভাজন "পরিশিষ্ট-খ" সভায় উপস্থাপন করেন।

উপস্থিত সম্মানীত সদস্যগণ বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করতঃ সর্ব সম্মতিক্রমে সদস্য সচিব কর্তৃক উপস্থাপিত বিভাজন (পরিশিষ্ট-খ) অনুমোদনসহ নিম্নে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | পৌরসভা/ ইউনিয়নের নাম | কর্মসূচীর আওতায় পুনর্বাসিত জমি (বিঘা)/সংখ্যা<br>বোরো উফশী ধানের বীজ | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | কাশিনগর | ৩৭০ | ২০২২-২৩ রবি ফসল আবাদ ও ২০২৩-২৪ মৌসুমে আবাদ সম্ভাবনার নিরীখে এ বিভাজন করা হয়েছে। |
| ২ | উজিরপুর | ৩৪৫ | |
| ৩ | কালিকাপুর | ৩৩৫ | |
| ৪ | শ্রীপুর | ৩৪৫ | |
| ৫ | শুভপুর | ৩৪৫ | |
| ৬ | ঘোলপাশা | ৩৩৫ | |
| ৭ | পৌরসভা | ৩৪০ | |
| ৮ | মুন্সিরহাট | ৩৩৫ | |
| ৯ | কনকাপৈত | ৩৩৫ | |
| ১০ | বাতিসা | ৩৪৫ | |
| ১১ | চিওড়া | ৩৩৫ | |
| ১২ | গুনবতী | ৩৪৫ | |
| ১৩ | জগন্নাথদিঘি | ৩৩৫ | |
| ১৪ | আলকরা | ৩৩৫ | |
| | মোট= | ৪৮০০ | |

বাস্তবায়ন পদ্ধতি/সিদ্ধান্ত:

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর ২০০৬ ও পিপিআর ২০০৮ (সংশোধনীসহ) অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে এবং এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রম এর সাথে দ্বৈততা পরিহার করতে হবে;

২. উপকরণ বিতরণের সমগ্র প্রক্রিয়া যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট ব্যয়কারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

৩. কৃষি প্রণোদনা কার্যক্রম (বীজ ও সার সহায়তা) বাস্তবায়নের লক্ষ্যে উপসহকারী কৃষি কর্মকর্তাগণ কৃষক নির্বাচন, অগ্রাধিকার তালিকা প্রস্তুত করবেন। জেলা কৃষি পুর্নবাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রনে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি অগ্রাধিকার তালিকা অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে নীতিমালা অনুযায়ী বাস্তবায়ন করবেন;

৪. সকল বরাদ্দকৃত অর্থ (বীজ, সার ও অন্যান্য) উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে ছাড় করা হবে;

৫. কর্মসূচি প্রাপ্তির পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উপসহকারী কৃষি কর্মকর্তার মাধ্যমে যথাসম্ভব দ্রুত বোরো উফশী ধান চাষে কৃষকের তালিকা প্রস্তুত করানোর পর তা অনুমোদন করে সে অনুযায়ী বরাদ্দকৃত এলাকার সংশ্লিষ্ট ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক পরিবারের মাঝে বিতরণ করবেন;

৬. এ কর্মসূচির আওতায় অগ্রাধিকার তালিকাভুক্ত একটি কৃষক পরিবার প্রতি বিঘার জন্য ৫(পাচঁ) কেজি বোরো উফশী বীজ, ১০ (দশ) কেজি ডিএপি ও ১০ (দশ) কেজি এমওপি সার সহায়তা পাবেন। ১(এক) জন উপকারভোগী কৃষককে কেবলমাত্র ১ (এক) বিঘা জমির জন্য উপকরণ সহায়তা প্রদান করা যাবে;

৭. এ কর্মসূচির সকল উপকরণ বিতরণ উপজেলা সদর থেকে করতে হবে। সকল উপকরণ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থায়ই প্রকৃত তালিকাভূক্ত কৃষক ছাড়া অন্য কাউকে উপকরণ প্রদান করা যাবে না বা একজনের উপকরণ অন্য জনকে প্রদান করা যাবে না;

৮. বর্ণিত কৃষি পুনর্বাসন কার্যক্রম মন্ত্রণালয় হতে মনিটরিং করার জন্য জেলা ও উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর বাস্তবায়ন পদ্ধতিতে প্রদত্ত 'কৃষক তথ্য ছক' পূরণ করে উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরপূর্বক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বেই কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের জন্য উপপরিচালক, ডিএই কর্তৃক আবশ্যিকভাবে পরিচালক (সরেজমিন উইং), ডিএই, ঢাকা দপ্তরে প্রেরণ করতে হবে;

৯. সংশ্লিষ্ট ব্লকের উপ সহকারী কৃষি কর্মকর্তা এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভূক্ত) প্রত্যেক কৃষকের স্ট্যাম্প সাইজের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমান লিপিবদ্ধ করে যথারীতি মাষ্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। মাষ্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের ষ্ট্যাম্প সাইজের ছবি ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাষ্টাররোলে উপকরণগ্রহণকারী কৃষকের স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপসহকারী কৃষি কর্মকর্তা এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন;

১০. এ কর্মসূচির আওতায় বোরো ধানের উফশী বীজ উপজেলাভিত্তিক জাতওয়ারী সংযুক্ত বিভাজন অনুযায়ী সম্পূর্ণ বীজ বিএডিসি হতে সংগ্রহ করা হবে। বিএডিসি সরবরাহ করতে না পারলে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে উন্নতমানের ধান, গম ও পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্প হতে সংগ্রহ করা হবে;

১১. সকল প্রকার ব্যয় ও সমন্বয় সরকারি আর্থিক বিধিবিধান অনুসরণ করে সম্পাদন করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত টাকা ব্যয় করা যাবে না।

১২. কর্মসূচির যাবতীয় সমন্বয় রেকর্ডপত্র অডিটের জন্য সংশ্লিষ্ট উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি এবং উপজেলা নির্বাহী অফিসার এর অফিসে সংরক্ষিত থাকবে।

১৩. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত করতে হবে, কোনভাবেই বিলম্ব গ্রহণযোগ্য হবে না;

১৪. এ কর্মসূচির আওতায় বিতরনযোগ্য বীজের অঙ্কুরোদগম ক্ষমতা, বিশুদ্ধতা এবং উৎপাদন ক্ষমতা অবশ্যই সংশ্লিষ্ট জাতের কাংখিত মানের হতে হবে কোন অবস্থাতেই বীজ কাংখিত মানের না হলে সেজন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্তৃপক্ষ দাযী থাকবেন।।

১৫. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি প্রণোদনার জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্তে ব্লক/ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং বিতরণের তালিকার ৩ কপি সংশ্লিষ্ট উপ পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ১ কপি সংরক্ষণ করবেন এবং ১ কপি মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কার্যালয়ে প্রেরণ করবেন। তাছাড়া ১ কপি জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করবেন ।

১৬. কর্মসূচির ডিএপি ও এমওপি সার বিএডিসি'র জেলাস্থ/নিকটবর্তী গুদাম থেকে বিধি মোতাবেক ক্রয় করতে হবে। সারের মূল্য সরকার নির্ধারিত ভর্তুকী মূল্যে ধরা হয়েছে। কোন অবস্থায়ই কর্মসুচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত টাকা ব্যয় করা যাবে না।

১৭. প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার ১০ কর্মদিবসের মধ্যে এ অর্থ ব্যয়ের বিস্তারীত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ থাকলে তা জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাধ্যমে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে বিধায় সমন্বয় বিবরণী ২ কপি উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুমিল্লা এবং ১ কপি জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কুমিল্লার নিকট প্রেরণ করতে হবে।

১৮. এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রম এর সাথে দ্বৈততা না হয় সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে নিশ্চিত করতে হবে;

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৬/১১/২৩
তানভীর হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
ও সভাপতি
উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
চৌদ্দগ্রাম,কুমিল্লা।

স্মারকনং-১২.১৮.১৯৩১.০০০.৪১.০৯২.২৩- ৮৭৯ (৩০)

তারিখ-১৬/১১/২০২৩খ্রিঃ।

অনুলিপি ঃ- সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরন করা হলোঃ-

১। জেলা প্রশাসক, কুমিল্লা।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌদ্দগ্রাম, কুমিল্লা।
৩। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুমিল্লা।
৪। মেয়র, চৌদ্দগ্রাম পৌরসভা, চৌদ্দগ্রাম, কুমিল্লা।
৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌদ্দগ্রাম, কুমিল্লা।
৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌদ্দগ্রাম, কুমিল্লা।
৭। জনাব................................................, সদস্য, উপজেলা কৃষি পুর্নবাসন বাস্তবায়ন কমিটি।
৮। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), চৌদ্দগ্রাম, কুমিল্লা। (তালিকা প্রস্তুতে সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তাকে সহায়তা করতে অনুরোধ করা হলে)
৯। জনাব মামুন হোসেন, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা কৃষি অফিস, চৌদ্দগ্রাম, কুমিল্লা। (কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশ করুন)
১৪। অফিস কপি।

Ahmed
১৬/১১/২৩
জুবায়ের আহমেদ
উপজেলা কৃষি অফিসার
ও সদস্য সচিব
উপজেলা কৃষি পুর্নবাসন বাস্তবায়ন কমিটি
চৌদ্দগ্রাম, কুমিল্লা।
ই-মেইলঃ uaochouddagram@gamil.com

পরিশিষ্টঃ-ক

উপস্থিত সদস্যগনের নাম, পদবী ও স্বাক্ষর ( স্বাক্ষরের ক্রমানুসারে)

| ক্রঃনং | উপস্থিত সদস্যের নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব জুবায়ের আহমেদ | উপজেলা কৃষি অফিসার, চৌদ্দগ্রাম, কুমিল্লা | স্বাক্ষরীত |
| ২ | উপজেলা প্রানী সম্পদ অফিসার | উপজেলা প্রানী সম্পদ অফিসার, চৌদ্দগ্রাম, কুমিল্লা | |
| ৩ | মোঃ শেফাউল আলম | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, চৌদ্দগ্রাম, কুমিল্লা। | " |
| ৪ | জনাব মোঃ আতাউর রহমান মজুমদার | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার,চৌদ্দগ্রাম, কুমিল্লা | " |
| ৫ | জনাব মোঃ জোবায়ের হাসান | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চৌদ্দগ্রাম, কুমিল্লা | " |
| ৬ | জনাব মমিনুর রহমান ফটিক | কৃষক প্রতিনিধি, চৌদ্দগ্রাম, কুমিল্লা | " |